

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ জুলাই ২০২৪খ্রি.

কোটা সংস্কার আন্দোলনের আড়ালে নাশকতা চালিয়েছে স্বাধীনতাবিরোধীরা: মেয়র রেজাউল

কোটা সংস্কার আন্দোলনের আড়ালে স্বাধীনতাবিরোধীরা দেশব্যাপী নাশকতা চালিয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে কোটা সংস্কার আন্দোলনে নিহতদের স্মরণে আয়োজিত শোক সভায় এ মন্তব্য করেন তিনি।

মেয়র বলেন, কোটা সংস্কার আন্দোলনের আড়ালে বর্তমান সরকারকে বিপদে ফেলতে দেশি-বিদেশি কিছু অপশক্তি মিলে সারা দেশে নাশকতা চালিয়েছে। আমি '৬৬ সাল থেকে রাজনীতি করছি। আন্দোলন-সংগ্রাম করেই ছাত্রলীগ থেকে আওয়ামী লীগের বিভিন্ন কমিটিতে জায়গা করে নিয়েছি। দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতায় বলতে পারি এটা কোন সাধারণ আন্দোলন ছিলনা, এটা ছিল রাষ্ট্রধ্বংসের আন্দোলন। এটা যদি আন্দোলনই হয় তবে, সেতু ভবন, মেট্রোরেল স্টেশন, হানিফ ফ্লাইওভার, বিটিভি, পুলিশ বক্স এগুলো কী দোষ করেছে? এগুলো কেন ধ্বংস করা হলো? আন্দোলনের নামে টোকাই, ভাড়া করা লোক, বেকার যুবকদের দিয়ে দেশজুড়ে নাশকতা চালানো হয়েছে।

“ পুলিশের একজন সদস্যকে মেরে লাশ ঝুলিয়ে রাখা হলো। মুরাদপুরে ৬তলা ভবন থেকে স্বাধীনতার পক্ষের ছাত্রদের নির্মমভাবে ফেলে দেয়া হলো। জনগণের স্বপ্নের প্রকল্পগুলোতে বেছে বেছে হামলা চালানো হলো। এগুলোর পিছনে আসলে ছাত্ররা ছিলনা, মূলত কোমলমতি ছাত্রদের আড়ালে স্বাধীনতাবিরোধীরা এই নাশকতা চালিয়েছে। এজন্য ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতি মোকাবিলায় ৪১টি ওয়ার্ডে জনগণের জান-মাল রক্ষায় কাউন্সিলরদের সভাপতি করে কমিটি করা হচ্ছে। কমিটিতে এলাকার মসজিদগুলোর ইমাম, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ এলাকার গুরুত্বপূর্ণ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষদের সদস্য করা হবে। আমরা মানুষকে সচেতনতন করব। শোককে শক্তিতে পরিণত করে নাশকতামূলক যে কোন কার্যক্রমকে তৃণমূলেই রুখে দিব। ”

সচিব মোহাম্মদ আশরাফুল আমিনের সঞ্চালনায় সভায় অংশ নেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, প্রধান প্রকৌশলী শাহীন-উল ইসলাম চৌধুরী, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতি সর্বাবিদ্যা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ফরহাদুল আলম, জসিম উদ্দিন, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, তাসমিয়া তাহসিন।

মুরাদপুরে নাশকতাকারীদের হামলায় নিহত ওমর ফারুকের পরিবারকে আর্থিক সহায়তা দেন মেয়র রেজাউল

কোটা বিরোধী আন্দোলনে মুরাদপুরে নাশকতাকারীদের হামলায় নিহত মো. ওমর ফারুকের পরিবারকে আর্থিক সহায়তা দিয়েছেন সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার দুপুরে নিহত ওমর ফারুকের স্ত্রী তার সন্তানদের নিয়ে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী সাথে দেখা করেন। মেয়র তাদের সমবেদনা জানান এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্যক্তিগতভাবে তাদের আর্থিক সহায়তা দেন এবং ওমর ফারুকের সন্তানদের সিটি কর্পোরেশনের স্কুলে বিনামূল্যে লেখাপড়ারও ঘোষণা দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮